



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/বাগেরহাট-৪৮(২)/ ২০১৭/১৪

তারিখঃ ১৭/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ প্রতিষ্ঠাতা সদস্য পদ পূরণ ও লিখিত বক্তব্য এবং সমর্থনীয় কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে।

- সূত্রঃ**
- (১) নং-বামাশিবো/প্রশা/বাগেরহাট-৪৮(২)/২০০০/৮; তারিখঃ ১৩/০৮/২০১৭খ্রিঃ
 - (২) উপজেলা নির্বাহী অফিসার, শরনখোলা, বাগেরহাট এর স্মারক নং-০৫.৪৪.০১৭৭.১৪.০০১.০১.১৭.৩১৩, ২১/০৫/২০১৭খ্রিঃ।
 - (৩) বামাশিবো/প্রশা/বাগেরহাট-৪৮/৩১৩, তারিখঃ ২৮/০৬/২০১৫খ্রিঃ।
 - (৪) বামাশিবো/প্রশা/বাগেরহাট-৪৮/১৮৯০/৭, তারিখঃ ২১/১১/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার শরনখোলা উপজেলাধীন ধানসাগর নলবুদিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব এ, কে, এম আঃ ছালাম এর বিরুদ্ধে গভার্ণিং বডি'র বিদ্যোৎসাহী সদস্য জনাব আঃ সান্তার সরদারের অভিযোগের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার, শরনখোলা, বাগেরহাটকে স্মারক নং ৩ ও ৪ নং মোতাবেক তদন্তের জন্য পত্র দেওয়া হয়েছিল। সূত্রে উল্লিখিত ২নং স্মারকে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে প্রতিষ্ঠাতা পদে অত্র মাদ্রাসার নৈশ প্রহরী জনাব আঃ হাওলাদারকে সদস্য দেখাইয়া অবৈধভাবে কমিটি গঠন করার বিষয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক সুরাহ করা হইলে কাহারো কোন আপত্তি থাকিবে না বলিয়া তদন্তকারী কর্মকর্তা ও অধ্যক্ষ মতামত ব্যক্ত করেন। বাংলাদেশের মাদ্রাসা শিক্ষা বোর্ডে, ঢাকা (ম্যানুজিং কমিটি ও গভার্ণিং বডি) প্রবিধান-২০০৯ এর ধারা ১১(৮) মোতাবেক নৈশ প্রহরী জনাব আঃ হাওলাদার অযোগ্য বিবেচিত হইবেন বিধায় উক্ত পদ শূন্য থাকিবে।

২) মোকাদ্দমা নং-৩৫/২০১৫ এর সার্টিফাইড কপি, মামলায় বর্ণিত অভিযোগ বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত ১নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সুপার (সীল অনুযায়ী) এ, কে, এম আঃ ছালাম ও সভাপতি মোঃ শামীম মুসি যে জবাব দাখিল করেছেন তা পর্যালোচনাতে দেখা যায়, দীর্ঘকাল যাবৎ মাওলানা হারুনুর রশীদ মাদ্রাসায় চাকুরী না করে হজ্ব কোম্পানী ও আদম ব্যবসার সাথে জড়িত হয়ে মাদ্রাসা কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বহুবার বিদেশ গমন করাসহ তার বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় দীর্ঘকাল যাবৎ মাওলানা হারুনুর রশীদকে উক্তরূপ কর্মকান্ডের বিরুদ্ধে ২০১৫ সালের পূর্বে কেন ব্যবস্থা নেওয়া হয় নাই, আবার উক্তরূপ বিধি বহির্ভূত কর্মকান্ড করা সত্ত্বেও গভার্ণিং বডি কর্তৃক তাঁর বিরুদ্ধে ব্যবস্থা না নিয়ে তাঁকে কেন পুনর্বহাল করা হয়েছে এবং অসত্য ও প্রকৃত তথ্য গোপন করে বিজ্ঞ আদালতে কেন সোলেনামা দাখিল করা হয়েছে সে বিষয়ে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে সুস্পষ্ট লিখিত জবাব ও সমর্থনীয় কাগজপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্য গভার্ণিং বডিকে সভাপতির মাধ্যমে এবং মাদ্রাসার অধ্যক্ষ/সুপার (সিলের বর্ণনামতে)-কে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(স্বাক্ষর)

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ**
- ১) সভাপতি ও সদস্যবৃন্দ- গভার্ণিং বডি, ধানসাগর নলবুনিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর- নলবুনিয়া, শরনখোলা, বাগেরহাট।
 - ২) অধ্যক্ষ/সুপার (সীলের বর্ণনামতে), ধানসাগর নলবুনিয়া আলিম মাদ্রাসা, ডাকঘর- নলবুনিয়া, শরনখোলা, বাগেরহাট।

নং-বামাশিবো/প্রশা/বাগেরহাট-৪৮(২)/ ২০১৭/১৪

তারিখঃ ১৭/১০/২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শরনখোলা, বাগেরহাট।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শরনখোলা, বাগেরহাট।
- ৬। জনাব আঃ সান্তার সরদার, বিদ্যোৎসাহী সদস্য, গভার্ণিং বডি, ধানসাগর নলবুনিয়া আলিম মাদ্রাসা, পোঃ নলবুনিয়া, উপজেলা: শরনখোলা, জেলা: বাগেরহাট।
- ৭। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।

(স্বাক্ষর)
মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪